পাঠ মূল্যায়ন -৩
শ্রেণি :দশম
বিষয় :বাংলা প্রথম পত্র(সৃজনশীল প্রশ্ন)

সময়:২ঘণ্টা ৩০মিনিট পূর্ণমান:৭০

[বি:দ্র:ডানপাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও।একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়]

ক -অংশ: গদ্য

১। বাউল সম্রাট শাহ আবদুল করিম। তিনি লিখেছিলেন 'কোন মেস্তরি নাও বানাইছে, কেমন দেখা যায়।' বিপ্লবী এই লোক শিল্পীর গানের কথা ও সুরের আবেশ আচ্ছন্ন করেছে নতুন প্রজন্মকেও। এটি দেখে বিশ্ববিদ্যালয়পড়ুয়া ছাত্র মুন্না শাহ আবদুল করিমের গানগুলো যেন সঠিক সুরে ও কথায় গাওয়া হয়, তার জন্য গবেষণার পরিকল্পনা গ্রহণ করে।

ক) মৈমনসিংহ গীতিকার সংগ্রাহক কে? ১

খ) 'নচেৎ এ সকল কেবলি ভুয়া, কেবলি ফক্কিকার'—লেখক এ কথা কেন বলেছেন? ২

গ) উদ্দীপকে 'পল্লিসাহিত্য' প্রবন্ধে উল্লিখিত পল্লি সাহিত্যের কোন উপাদানটির ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) "উদ্দীপকের মুন্নার উদ্যোগ এবং 'পল্লিসাহিত্য' প্রবন্ধে উল্লিখিত প্রাবন্ধিকের আকাঙ্ক্ষা এক ও অভিন্ন"—মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২। 'স্ত্রীর দেওয়া বিষপানে মৃত্যুকালে ইমাম হাসান তাঁর বিষদাতার পরিচয় জানতে পেরেও তাকে উদ্দেশ্য করে বলেন, 'তোমাকে বড়ই ভালোবাসিতাম, বড়ই স্নেহ করিতাম, তাহার উপযুক্ত কার্যই তুমি করিয়াছ। তোমার চক্ষু হইতে হাসান চিরতরে বিদায় হইতেছে। সুখে থাকো, তোমাকে আমি ক্ষমা করিলাম।'

ক) কোন সন্ধি অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল? ১

খ) উম্মে মা'বদ তাঁর স্বামীর কাছে হজরত মুহম্মদ (স.) সম্পর্কে কী বর্ণনা দিয়েছিলেন? ২

গ) উদ্দীপকে 'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের যে দিক প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ) প্রতিফলিত দিকটি ছাড়াও হজরত মুহম্মদ (স.) অন্যান্য গুণে গুণান্বিত ছিলেন—'মানুষ মুহম্মদ (স.)' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩। হুমায়ুন চৌধুরী কয়েকটি শিল্পপ্রতিষ্ঠানের মালিক হয়েও সাধারণ জীবনযাপনে অভ্যস্ত। কিছুদিন আগে তাঁর বড় মেয়ের বিয়েতে এলাকার সবাইকে দাওয়াত দেন। তিনি ধনী-গরিবের মধ্যে কোনো পার্থক্য করেননি। তাঁর এ আচরণে এলাকার দরিদ্র জনগণ খুবই সন্তুষ্ট।

ক) কোন নদীর তীরে শ্মশানঘাট অবস্থিত? ১

খ) রসিক দুলে তার পায়ের ধুলো দিতে গিয়ে কেঁদে ফেলল কেন? ২

গ) উদ্দীপকের সঙ্গে 'অভাগীর স্বর্গ' গল্পের বৈসাদৃশ্য ব্যাখ্যা কর। ৩

ঘ) 'অভাগীর আশা পূর্ণতা পাওয়ার জন্য হুমায়ুন চৌধুরীর মতো মানুষ প্রয়োজন'—বক্তব্যটির যথার্থতা বিচার কর। ৪

খ -অংশ:পদ্য

৪। (উদ্দীপক ১) বায়তুল মাল হইতে লইয়া ঘৃত-আটা নিজ হাতে, বলিলে, "এসব চাপাইয়া দাও আমার পিঠের পরে, আমি লয়ে যাব বহিয়া এসব দুখিনী মায়ের ঘরে।"

(উদ্দীপক ২) 'জীর্ণ বস্ত্র শীর্ণ গাত্র, ক্ষুধায় কণ্ঠ ক্ষীণ ডাকিল পান্থ, দ্বার খোলো বাবা, খাইনি তো সাত দিন। সহসা বন্ধ হল মন্দির।'

ক) 'গায়ে আজারির চিন' –'মানুষ' কবিতায় এই চিন শব্দের অর্থ কী? ১

খ) ভণ্ড দুয়ারীদের ধ্বংস করার জন্য কবি কাদের আহ্বান জানিয়েছেন—বুঝিয়ে লেখ। ২

গ) উদ্দীপক (১) ও উদ্দীপক (২)-এর ভাবগত পার্থক্য দেখাও? ৩

ঘ) উদ্দীপকদ্বয়ে বিপরীত ঘটনা থাকলেও 'মানুষ' কবিতায় কবির চাওয়া উদ্দীপকের কোন ভাবকে

সমর্থন করে? বিশ্লেষণ কর। ৪

৫) "কুমড়ো ফুলে ফুলে
নুয়ে পড়েছে লতাটা,
সজেন ডাঁটায়
ভরে গেছে গাছটা,
আর আমি
ডালের বড়ি শুকিয়ে রেখেছি।
খোকা, তুই কবে আসবি?
কবে ছুটি?"

ক. পচান পাতার ঘ্রাণ কোথা থেকে আসে? ১
খ. 'মোসলমানের আড়ং দেখতে নাই'-মা এ কথা কেন বলেছেন? ২
গ. উদ্দীপকে 'পল্লীজননী' কবিতার কোন দিকটি প্রতিফলিত হয়েছে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক এবং 'পল্লীজননী' কবিতার বিষয়বস্তু এক নয়-উক্তিটি বিশ্লেষণ কর। ৪

গ-অংশ:উপন্যাস

৬।পাকিস্তানি সেনারা থানায় ঘাঁটি স্থাপন করলে এলাকার মানুষের মাঝে আতঙ্ক বিরাজ করে। সবাই পালাতে শুরু করলে কলিমদ্দি দফাদার ভিন্ন পরিকল্পনা করেন। তিনি পাকিস্তানি সেনাদের ঘায়েল করার জন্য তাদের সঙ্গে যোগাযোগ শুরু করেন। আর গোপনে তাদের সব খবর পৌঁছে দিয়ে প্রস্তুত থাকতে বলেন। একদিন সুযোগমতো পাকিস্তানি সেনাদের গ্রামে এনে ভাঙা পুলের গোড়ায় দাঁড় করিয়ে কলিমদ্দি দফাদার তা পার হতে গিয়ে পরিকল্পনামাফিক জলে পড়ে যান। সঙ্গে সঙ্গে গর্জে ওঠে ওত পেতে থাকা মুক্তিযোদ্ধাদের অস্ত্র। আর খতম হয় সব ক'জন পাকিস্তানি সেনা।

ক) বুধা প্রায়ই কী সাজত? ১
খ) 'আধাপোড়া বাজারটার দিকে তাকিয়ে ওর চোখ লাল হতে থাকে'—কেন? ২
গ) উদ্দীপকের কলিমদ্দি দফাদারের সঙ্গে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সাদৃশ্যপূর্ণ চরিত্রটি ব্যাখ্যা কর। ৩
ঘ) উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের সমগ্র ভাব ধারণ করে কী? যুক্তিসহ প্রমাণ কর। ৪

ঘ -অংশ :নাটক

৭। ' নদীর এ কূল ভাঙে, ও কূল গড়ে
এই তো নদীর খেলা,
সকাল বেলার আমির রে তুই
ফকির সন্ধ্যা বেলা।'

ক. বহিপীরের বাড়ি কোন জেলায়? ১
খ. তাহেরা বাড়ি থেকে পালিয়ে ছিল কেন? ২
গ. উদ্দীপকের বক্তব্যের প্রতিফলন 'বহিপীর' নাটকের কোন চরিত্রে দেখা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'বহিপীর' নাটকের যথার্থ প্রতিচ্ছবি নয়"। মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

পাঠ মূল্যায়ন -৩

শ্রেণি:দশম

বাংলা প্রথম-পত্র (জ্ঞানমূলক প্রশ্ন)

[বি:দ্র: উত্তর প্রাসঙ্গিক হতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১।]

সময়: ৩০মিনিট পূর্ণমান:৩০

১। এশীয়দের মধ্যে সাহিত্যে প্রথম নোবেল পুরস্কার লাভ করেন কে ?
২। পিতা-মাতার মনে কে সর্বদাই জাগরূক ছিল?
৩। চলিত ভাষারীতি প্রবর্তনে অগ্রণী ভূমিকা পালন করেন কোন সাহিত্যিক ?
৪) 'বনফুলের' প্রকৃত নাম কী?
৫) ফরাসি ভাষার বাক্যবন্ধ –' ও রভোয়া ' এর অর্থ কী?
৬। ' অতসীমামী ' গল্পটি কোন পত্রিকায় প্রকাশিত হয়?
৭। মমতাদি'র ছেলের বয়স কত?
৮) ' পয়লা বৈশাখ ' প্রবন্ধে উল্লিখিত ইংরেজ কবির নাম কী?
৯। ' একাত্তরের দিনগুলি ' কী ধরনের গ্রন্থ ?
১০) কবিতার প্রধান রূপভেদ কী কী?
১১। চতুর্দশপদী কবিতায় অষ্টকে কী থাকে?
১২। ' রাখালী ' কাব্যগ্রন্থের রচয়িতার নাম লিখ।
১৩। 'দৈনিক বাংলা' পত্রিকার সাহিত্য সম্পাদক কে ছিলেন?
১৪। 'পল্লিজননী ' কবিতায় বাঁশবনে কী ডাকে?
১৫) 'রানী খালের সাঁকো ' কী ধরনের গ্রন্থ ?
১৬) ' আহসান হাবীব ' কার চিরচেনা স্বজন?
১৭) একুশ বছর বয়সে মৃত্যুবরণ করেন কোন কবি?
১৮) নির্মলেন্দু গুণ পেশায় কী?
১৯) 'ডেমোক্রেসি' শব্দের বাংলা প্রতিশব্দ কী?
২০) 'গতাসু' শব্দের আভিধানিক অর্থ কী?
২১) ' পুতুল নাচের ইতিকথা' গ্রন্থের রচয়িতার নাম লিখ।
২২।পরিবারের সবার মৃত্যুর পর বুধা কোথায় আশ্রয় নিয়েছিল?
২৩। রাজাকার কমান্ডারের বাড়ির কাজের মেয়ের নাম কী?
২৪। বুধা ফুলকলিকে নিয়ে কাদের বাড়িতে গিয়েছিল?
২৫। আহাদ মুন্সীর বড় ছেলের নাম কী?
২৬। নোলক বুয়া কী কাজ করেন?
২৭। কত বছর পূর্বে বহিপীরের স্ত্রী মারা যায়?
২৮। ' নয়নচারা ' গল্প কত সালে প্রকাশিত হয়?
২৯। বহিপীরের বাড়ি কোথায়?
৩০। 'বহিপীর ' নাটক কত অঙ্কে বিভক্ত?